

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

প্রযুক্তির নাম	:	নিম প্রোডাক্ট ব্যবহার করে টমেটোর শিকড়ের গিট কৃমি (রল্ট নট) রোগের ব্যবস্থাপনা
প্রযুক্তির ছবি	:	 <p style="text-align: center;">নিমের খৈল নিমের বীজের নির্যাস ফুরাডান কন্ট্রোল</p>
বিস্তারিত বিবরণ	:	<p>বীজতলা তৈরী ও সুস্থ সবল চারা উৎপাদনঃ</p> <ul style="list-style-type: none"> ◆ জমি উত্তমরূপে চাষ করতে হবে এবং চাষ দিয়ে ৫ দিন প্রখর রোদে জমি ফেলে রাখতে হবে। ◆ অতঃপর বীজতলার মাটি সমান করে কাঠের শুকনো গুড়ো ও ইঞ্চি পুরস্কর তৈরী করে আগুন দিয়ে পুড়িয়ে বীজতলার মাটি শোধন করতে হবে। ◆ বীজতলাতে বীজ বপনের পূর্বে বীজকে প্রোভেক্স-২০০ (প্রতি কেজি বীজে ২.৫ গ্রাম) দ্বারা বীজ শোধন করে লাগাতে হবে। ◆ বীজতলার পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা থাকতে হবে ও পাতলা করে বীজ বুনতে হবে এবং সুস্থ সবল চারা তৈরী করতে হবে। <p>জমি প্রস্তুত ও চারা রোপণঃ</p> <ul style="list-style-type: none"> ◆ হেক্টর প্রতি নিমের খৈল ৬০০ কেজি জমিতে প্রয়োগ করে জমি উত্তমরূপে চাষ দিয়ে মাটির সাথে ভালভাবে মিশিয়ে কমপক্ষে ১৫ দিন নিমের খৈল পচাতে হবে। অতঃপর চারা রোপন এর সময় প্রতি গাছের গোড়ায় ২ গ্রাম হারে ফুরাডান ৫ জি প্রয়োগ করে চারা রোপন করলে কৃমি রোগ সঠিকভাবে দমন করা যায়। অথবা ◆ চারা লাগানোর সময় এবং চারা লাগানোর ৪০-৪৫ দিন পর নিমের বীজ/পাতার নির্যাস ১:১০ অনুপাতে অর্থাৎ ১ কেজি নিমের বীজ/পাতার নির্যাস ১০ লিটার পানিতে মিশিয়ে গাছের গোড়ায় প্রয়োগ করে শিকড়ের গিট কৃমি দমন করা সম্ভব।
বৈশিষ্ট্যসমূহ	:	<ul style="list-style-type: none"> ● এই প্রযুক্তিটি পরিবেশ বান্ধব এবং সহজে ব্যবহার যোগ্য। ● প্রযুক্তি ব্যবহারের ফলে টমেটোর ফলন বৃদ্ধি পাওয়ায় কৃষক অর্থনৈতিকভাবে লাভবান হয়।

সংশ্লিষ্ট বিশেষজ্ঞ বিজ্ঞানীর সাথে যোগাযোগ

ড. মোঃ ইকবাল ফারুক

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ

মোবাইলঃ ০১৯৬৩-৫৩৩১১৮

ফোনঃ ৪৯২৭০১৫৯

ইমেইলঃ mifaruk2012@yahoo.com

mifaruk2013@gmail.com